

**দুইদিন ব্যাপী 'Office Management and Importance of Ethics' বিষয়ক ট্রেনিং এর
আজ সমাপনী**



১৭ জুলাই-২০১৮, সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের হেকেপ প্রজেক্টের আওতায় Institutional Quality Assurance Cell (IQAC), JnU-এর উদ্যোগে (১৬ ও ১৭ জুলাই) দুইদিন ব্যাপী ট্রেনিং প্রোগ্রাম ('Office Management and Importance of Ethics') এর সমাপনী অনুষ্ঠিত হয়।এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।এসময় IQAC জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অতিরিক্ত পরিচালক ড. রাজিনা সুলতানার সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান উপস্থিত ছিলেন।ট্রেনিং প্রোগ্রামে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রশাসনিক দপ্তর ও বিভাগের কর্মচারীবৃন্দ অংশগ্রহন করেন।